

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

প্রশাসন-১ শাখা

প্রশাসন অনুবিভাগ

[www.idra.org.bd](http://www.idra.org.bd)

নম্বর- ৫৩.০৩.০০০০.০০০.০০৮.১১.০০০৩.২৬.৫৪

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ ব.  
৮ মার্চ ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয়: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ১৩ম গ্রেডভুক্ত কম্পিউটার অপারেটর ও ১৬তম গ্রেডভুক্ত ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদের মৌখিক পরীক্ষার জন্য নির্দেশনা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোভুক্ত কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে মৌখিক পরীক্ষার জন্য উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্র ও প্রবেশপত্রে উল্লেখিত কাগজপত্রসহ নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

- (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
- (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
- (গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ািলপি;
- (ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে, আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি;
- (ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
- (চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ এর সত্যায়িত অনুলিপি;
- (ছ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের রঙিন কপি (Applicant's Copy);
- (জ) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি;
- (ঝ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- (ঞ) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (ট) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট ([www.idra.portal.gov.bd](http://www.idra.portal.gov.bd)) থেকে “প্রাক চাকুরী বৃত্তান্ত যাচাই ফরম” (পুলিশ ভেরিফিকেশন ফরম) ডাউনলোডপূর্বক স্বহস্তে পূরণকৃত কপি।

২.০ উল্লিখিত কাগজপত্রসহ মৌখিক পরীক্ষার সময়সূচি অনুযায়ী বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

৩.০ প্রত্যেক ডকুমেন্টস এর উপর অবশ্যই প্রার্থীর রোল নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্টস দাখিল করতে ব্যর্থ হলে কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হবে না।

৪.০ মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

আহম্মদ এহসান উল হান্নান

উপসচিব ও পরিচালক

এবং সদস্য সচিব

বিভাগীয় বাছাই কমিটি (১৩তম-২০তম গ্রেড)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও কার্যার্থে

১. সদস্য (প্রশাসন), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
২. পরিচালক (প্রশাসন), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৩. জেনারেল ম্যানেজার, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রোড নং ১৭, হোল্ডিং নং ৩/এ, ৫/এ, ৭/এ, গুলশান-১, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ);

৪. সদস্য (সকল), বিভাগীয় বাছাই কমিটি, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৫. নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ);
৬. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. অফিস নথি।

৩১/৩/২০১৬